সমকাল

07 SEP 2016

# রংপুর মেডিকেল কলেজ ভর্তি পরীক্ষার কেন্দ্র বহাল

■ রংপুর অফিস

রংপুর মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার কেন্দ্র বাতিল করার সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে। গতকাল মঙ্গলবার স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে পাঠানো চিঠিতে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। গত বছর মেডিকেল ভর্তি পরীক্ষায় রংপুর মেডিকেল কলেজে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠায় কেন্দ্রটি বাতিল করে কলেজ অধ্যক্ষের কাছে চিঠি পাঠানো হয়।

কলেজ সূত্রে জানা গেছে, গত বুধবার স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে চিঠিতে জানানো হয়, রংপুর মেডিকেল কলেজে এবার মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার কেন্দ্র বাতিল করা হলো। এরপর কেন্দ্রটি ফিরিয়ে আনার জন্য কলেজ কর্তৃপক্ষ বিভিন্ন স্থানে দেনদরবার শুরু করে। রংপুরবাসী কেন্দ্র বহালের দাবিতে আন্দোলনে নামে। এর পরিপ্রেক্ষিতে কেন্দ্রটি পুনর্বহাল করা হলো।

রংপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. অনিমেষ মজুমদার জানান, প্রশ্নপত্র ফাঁসের যে অভিযোগ তুলে কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তা ভুল প্রমাণ হয়েছে। এ কারণে আবার রংপুর মেডিকেল কলেজ ভর্তি পরীক্ষা কেন্দ্র পুনর্বহাল করার চিঠি পাঠানো হয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে।

২০১৬-১৭ শিক্ষাবর্ষে মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষা ৭ অক্টোবর এবং ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা ৪ নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।